

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.২৬.০০১.১৯.২২

তারিখ: ১৮ মাঘ ১৪২৫

৩১ জানুয়ারি ২০১৯

বিষয়: সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ- এ একটি TOYOTA Avanza Sedan Car ক্রয়ের অনুমতি প্রদান।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৩.১৮/২২৩
তারিখ-০২.০১.২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নারায়নগঞ্জ জেলার সরকারি তোলারাম কলেজের পরিবহন তহবিল হতে ৪০,০৯,০৫৫ (চল্লিশ লক্ষ নয় হাজার পঞ্চাশ) টাকা ব্যয়ে নিম্নোক্ত শর্তে ০১ (এক)টি TOYOTA Avanza Sedan Car ক্রয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

- ক) গাড়ি ক্রয়ে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- খ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক PPA ২০০৬ এবং PPR ২০০৮ অনুসরণক্রমে অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী গাড়ি ক্রয় করতে হবে;
- গ) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- ঘ) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;
- ঙ) শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- চ) প্রথতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড হতে গাড়ী ক্রয় করতে হবে।

৬-২-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.২৬.০০১.১৯.২২/১(৫)

তারিখ: ১৮ মাঘ ১৪২৫

৩১ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) অধ্যক্ষ, সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ।
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৬-২-২০১৯

মোহাম্মদ রাশেদুল ইসলাম
উপসচিব